

🗏 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ৪৬

আরবি মূল আয়াত:

وَ قُومَ نُوحٍ مِّن قَبِلُ ؟ إِنَّهُم كَانُوا قُومًا فُسِقِينَ ﴿ ٢٤﴾

🗚 অনুবাদসমূহ:

আর ইতঃপূর্বে নূহের কওমকেও (আমি ধ্বংস করে দিয়েছিলাম)। নিশ্চয় তারা ছিল ফাসিক কওম। — আল-বায়ান ইতোপূর্বে আমি নূহের জাতিকে ধ্বংস করেছিলাম, তারা ছিল এক পাপাচারী জাতি। — তাইসিরুল আমি ধ্বংস করেছিলাম তাদের পূর্বে নূহের সম্প্রদায়কে, তারা ছিল সত্যত্যাগী সম্প্রদায়। — মুজিবুর রহমান And [We destroyed] the people of Noah before; indeed, they were a people defiantly disobedient. — Sahih International

৪৬. আর (ধ্বংস করেছিলাম) এদের আগে নূহের সম্প্রদায়কে, নিশ্চয় তারা ছিল ফাসেক সম্প্রদায়।

তাফসীরে জাকারিয়া

(৪৬) (আমি ধ্বংস করেছিলাম) তাদের পূর্বে নূহের সম্প্রদায়কে, নিশ্চয় তারা ছিল সত্যত্যাগী সম্প্রদায়। [1]

[1] নূহ (আঃ)-এর সম্প্রদায় আ'দ, ফিরাউন এবং সামূদ ইত্যাদি সম্প্রদায়ের বহু পূর্বে অতিবাহিত হয়েছে। তারাও আল্লাহর আনুগত্য করার পরিবর্তে তাঁর অবাধ্যতার পথ অবলম্বন করেছিল। পরিশেষে তাদেরকে প্লাবনে ডুবিয়ে দেওয়া হল।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4721

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন